

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪০৪

আগরতলা, ২৯ সেপ্টেম্বর, ২০ ১৮

এলবার্ট এক্সা নিজের জীবন উৎসর্গ করে
ত্রিপুরাকে রক্ষা করেছিলেন : মুখ্যমন্ত্রী

সার্জিক্যাল স্ট্রাইক-এর দ্বিতীয় বর্ষপূর্তি উপলক্ষে আজ সকালে আগরতলার লিচুবাগানস্থিত এলবার্ট এক্সা পার্কে সেনাবাহিনীর শহীদ স্মৃতিসৌধে এবং পরম বীরচক্রপ্রাপ্ত শহীদ এলবার্ট এক্সার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব বীর শহীদ এলবার্ট এক্সা ও অন্যান্য বীর শহীদদের স্মরণ করেন যারা দেশরক্ষা করতে গিয়ে নিজের জীবন উৎসর্গ করেছেন। বীর শহীদদের স্মরণ করতে গিয়ে তিনি বীর শহীদ এলবার্ট এক্সার কথা উল্লেখ করে বলেন, এলবার্ট এক্সা হল সেই বীর শহীদ যিনি ১৯৭১ সালের ৩ ডিসেম্বর নিজের জীবন উৎসর্গ করে তৎকালীন সময়ে পাক বাহিনীর হাত থেকে আগরতলা শহর তথা ত্রিপুরাকে রক্ষা করেছিলেন। মুখ্যমন্ত্রী বলেন, ভারতীয় সীমান্ত এলাকায় ভারতকে অশুভ শক্তির হাত থেকে রক্ষা করার জন্য এলবার্ট এক্সার মত বহু সৈনিককে শহীদ হতে হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, ভারতের বর্তমান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সাহসী পদক্ষেপ সার্জিক্যাল স্ট্রাইক, যার মাধ্যমে বিশ্বের অশুভ শক্তিকে ভারতীয় সামরিক বাহিনীর শক্তি সম্পর্কে বার্তা দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ধন্যবাদ জানিয়ে বলেন, এর থেকেই প্রধানমন্ত্রীর সাহসী মানসিকতা ও রাষ্ট্রের প্রতি দেশপ্রেমের পরিচয় পাওয়া যায়। তিনি বলেন, দায়িত্বভার নেওয়ার পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভারতকে নতুনভাবে গড়তে চেয়েছেন। প্রতিবেশী দেশের সাথে সু-সম্পর্ক বজায় রেখে নতুন ভারত গড়ার পাশাপাশি নতুন সাউথ এশিয়া গঠন করতে চেয়েছেন। এরজন্য প্রধানমন্ত্রীর শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রতিবেশী দেশের রাষ্ট্রপ্রধানদের আমন্ত্রণ জানানো হয়েছিল।

মুখ্যমন্ত্রী বলেন, নিজের দেশকে রক্ষা করার অধিকার প্রত্যেক দেশের রয়েছে। ভারতও কোনও অশুভ শক্তির কাছে মাথা নত করবে না ‘সার্জিক্যাল স্ট্রাইক’ এরই ইঙ্গিত বহন করে। মুখ্যমন্ত্রী নেশামুক্ত ত্রিপুরা গঠনে ত্রিপুরা পুলিশের কার্যকারিতার প্রশংসা করেন। তিনি বলেন, ত্রিপুরা পুলিশের যথাযথ পদক্ষেপ নেওয়ার কারণে ত্রিপুরাতে হাজার হাজার কেজি গাঁজা ও অন্যান্য নেশা সামগ্রী বাজেয়াপ্ত করা গেছে। মুখ্যমন্ত্রী বলেন, নেশামুক্ত ত্রিপুরা গঠনের মধ্য দিয়ে ৩৭ লক্ষ ত্রিপুরাবাসীর কল্যাণের জন্য আগামী তিন বছরের মধ্যে ত্রিপুরাকে মডেল রাজ্য হিসাবে গড়ে তোলার লক্ষ্যে সরকার কাজ করছে। ত্রিপুরাকে মডেল রাজ্য হিসাবে গড়ে তোলার সরকারের যে দিশা, জনগণও সেই দিশাতেই কাজ করবে বলে তিনি আশা প্রকাশ করেন। অনুষ্ঠানে বীর শহীদ এলবার্ট এক্সার জীবনী ও ১৯৭১ সালে তিনি কিভাবে যুদ্ধ করে পাক বাহিনীদের হাত থেকে আগরতলা শহরকে রক্ষা করেছিলেন তার চিত্রপট নিয়ে একটি প্রদর্শনীরও আয়োজন করা হয়েছিল। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক ডা. দিলীপ কুমার দাস, আগরতলা পুর নিগমের মেয়র ড. প্রফুল্লজিৎ সিনহা ও অন্যান্য আধিকারিকবৃন্দ।
